

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৯নং লর্ডহার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদ
লালমোহন, ভোলা।

বিসমিল্লাহীর রহমানীর রহীম

স্থান : ৯নং লর্ডহার্ডিঞ্জ পরিষদ কমপ্লেক্স ভবন সভাকক্ষ,
তাং-২৬/১০/২০১৭ইং, সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ :

নাম	পদবী
১। জনাব মোঃ আবুল কাসেম মিয়া	চেয়ারম্যান
২। জনাবা মমতাজ বেগম	সদস্য সংরক্ষিত ১নং ওয়ার্ড
৩। জনাবা শিরিন আক্তার	" " ২নং "
৪। জনাবা বিবি আয়েশা	" " ৩নং "
৫। জনাব মোশতাক হোসেন	সদস্য ৩নং ওয়ার্ড
৬। জনাব জয়নাল আবদিন	সদস্য ৪নং ওয়ার্ড
৭। জনাব মোঃ রাসেল	সদস্য ৫নং ওয়ার্ড
৮। জনাব নজির আহমেদ মিয়া	সদস্য ৮নং ওয়ার্ড
৯। জনাব মোঃ রহিম	সদস্য ৯নং ওয়ার্ড
১০। জনাব মোঃ মিজানুর রহমান	ইউপি সচিব

অদ্য ২৬/১০/২০১৭ইং তারিখের সকাল ৯.০০ ঘটিকার সময় ৯নং লর্ডহার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব আবুল কাসেম মিয়ার সভাপতিত্বে ইউপি কার্যালয়ের সভাকক্ষে এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়।

mfvi Kih@iY t

১। সভায় ৮নং ওয়ার্ডের সদস্য জনাব নজির আহমেদ মিয়া সভাকে জানান যে, লালমোহন উপজেলাধীন ৯নং লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নটি একটি কৃষি প্রধান ইউনিয়ন। পূর্ব দিকে মেঘনা নদী এবং পশ্চিম দিকে বেতুয়া নদী প্রবাহিত। অত্র ইউনিয়নটির পূর্ব দিক বেড়ী বাঁদ দিয়ে বেষ্টিত। এখানে মাত্র দুটি স্লুইজ গेट রয়েছে। কিন্তু অভ্যন্তরের অবস্থিত খাল গুলি মজা বা ভরাটের কারণে অতিবৃষ্টিতে পানি নিষ্কাশন ও শুকনা মৌসুমে সৈঁচ প্রবাহ করা সম্ভব হচ্ছে না। যাহার প্রেক্ষিতে বর্ষা মৌসুমে দারুন জলাবদ্ধতা ও শুকনা মৌসুমে সৈঁচ প্রবাহ মারাত্মক বিঘ্নিত ঘটে। ফলে ফলে হাজার হাজার হেক্টর জমি অনাবাদি পড়ে থাকে। বিষয়টি নিয়ে সভায় বিশদ আলোচনা আলোচনা হয় এবং সর্বসম্মতি ক্রমে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় অংশগ্রহনমূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের অধীনে বাস্তবায়নের জন্য নিম্নে লিখিত প্রকল্পগুলোর প্রস্তাব প্রেরনের জন্য সিদ্ধান্ত গ্রহন করেন।

১। হালটের খাল পুনঃ খনন	৬কিমি
২। বুড়িদোন খাল পুনঃ খনন	৫কিমি
৩। হাসানিয়ার খাল পুনঃ খনন	৫কিমি
৪। জালছেড়া খাল পুনঃ খনন	৪কিমি
৫। সাকুচিয়ার খাল পুনঃ খনন	৫কিমি
৬। চর সৈয়দপুর মাস্টার খাল পুনঃ খনন	৪কিমি
৭। প্যারীমোহন তিনা গাজীর খাল পুনঃ খনন	৪কিমি

২। ৯নং ওয়ার্ডের সদস্য জনাব আঃ রহিম জানান যে, চর সৈয়দপুর মূল ইউনিয়ন থেকে একটি বিচ্ছিন্ন চর উহার চারদিকে নদী বেষ্টিত হাজার হাজার একর আবাদি ও অনাবাদী জমি রয়েছে। উক্ত চরে চারদিকে রীংবেরী হলে উক্ত হাজার হাজার একর জমি চাষের আওতায় আসবে এবং লবনাক্ত পানির হাত থেকে রক্ষা পাবে। বিষয়টি নিয়ে সভায় বিশদ আলোচনা আলোচনা হয় এবং সর্বসম্মতি ক্রমে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় অংশগ্রহনমূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের অধীনে বাস্তবায়নের জন্য নিম্নে লিখিত প্রকল্পগুলোর প্রস্তাব প্রেরনের জন্য সিদ্ধান্ত গ্রহন করেন।

১। উঃ চর সৈয়দপুর রীং বেড়ী বাঁধ নির্মাণ	৪ কিমি
২। দঃ চর সৈয়দপুর রীং বেড়ী বাঁধ নির্মাণ	৩ কিমি
৩। পূর্ব চর সৈয়দপুর রীং বেড়ী বাঁধ নির্মাণ	৬ কিমি
৪। পঃ চর সৈয়দপুর রীং বেড়ী বাঁধ নির্মাণ	৫ কিমি

৩। সভায় ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব জয়নাল আবদিন জানান যে, রায়চাঁদ - লর্ডহার্ডিঞ্জ পাকা সড়কটি বিভিন্ন জায়গায় বড় বড় গর্ত হয়ে গেছে এবং বিভিন্ন জায়গায় ভেঙ্গে গেছে কিন্তু উক্ত সড়কটিতে দৈনিক শত শত লোক টেম্পু, মটর সাইকেল, অটো, বাস যোগে যাতায়াত করে। রাস্তাটির অবস্থা খুবই খারাপ হওয়ায় যাতায়াত করতে নানা দুর্ভোগ ও দুর্ঘটনার সম্মুখীন হতে হয়। এমতাবস্থায় সড়কটির প্রয়োজনীয় জায়গায় ইটের খোয়া দিয়ে ভরাট করে দিলে কিছুটা হলেও যাতায়াতের দুঃখ দুর্দশা লাঘব হইত। বিষয়টি নিয়ে বিশদ আলোচনা হয়। সভায় সভাপতি সাহেব জানান যে, বর্তমান এই সময়ে অন্য কোন খাত হতে অর্থ পাওয়ার সম্ভবনা না থাকায় একমাত্র ইউনিয়ন পরিষদের হোল্ডিং ট্যাক্স আদায়কৃত অর্থ থেকে রাস্তাটি মেরামত করা যায়। বিষয়টি সভায় বিশদ আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত গ্রহন করেন যে, ইউনিয়ন পরিষদের হোল্ডিং ট্যাক্স এর অর্থ দ্বারা ৫০,০০০/- টাকা ব্যয়ে নিম্নে উল্লেখিত কমিটির মাধ্যমে “ রায়চাঁদ-লর্ডহার্ডিঞ্জ বাজার পাকা সড়ক মেরামত” প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হবে। এবং জরুরী ভিত্তিতে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য সভায় উপস্থিত সকলে সভাপতি সাহেবকে অনুরোধ করেন।

প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

১। মোঃ জয়নাল আবদীন	ইউপি সদস্য	সভাপতি
২। আঃ গনি মাস্টার	শিক্ষক	সম্পাদক
৩। শিরিন আক্তার	ইউপি সদস্য	সদস্য
৪। মোঃ রাসেল	ইউপি সদস্য	সদস্য
৫। মোঃ নজির আহমেদ মিয়া	ইউপি সদস্য	সদস্য

অতঃপর সভার আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ আবুল কাসেম মিয়া)

চেয়ারম্যান

লর্ডহার্ডিঞ্জ ইউপি, লালমোহন,ভোলা।

সদয় অবগতির জন্য অনুলিপি দেওয়া হইল-

- ১। জেলা প্রশাসক, ভোলা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমোহন,ভোলা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা।
- ৪। উপজেলা প্রকৌশলী, লালমোহন, ভোলা। (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় অংশগ্রহনমূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের অধীনে বাস্তবায়নের জন্য উল্লিখিত প্রকল্পগুলোর প্রস্তাব প্রেরনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা গেল)
- ৫। উপজেলা কর্মকর্তা, লালমোহন,ভোলা।

(মোঃ আবুল কাসেম মিয়া)

চেয়ারম্যান

লর্ডহার্ডিঞ্জ ইউপি, লালমোহন,ভোলা।